শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭২.১৯-৫৮

তারিখঃ ১২ মাঘ ১৪২৬ ব. / ২৬ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং- ১২৮৫৫/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১২৮৫৫/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১২৮৫৫/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১২৮৫৫/২০১৯ | জনাব এস.এম সামাউন ফারুক, সহকারী শিক্ষক (বিজ্ঞান) এস.এস সি (ভোকেশনাল) শাখা, সাপাহার পাইলট উচ্চ বিদ্যালয়, উপজেলা-সাপাহার, জেলা-নওগাঁ। | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিটিই ও আরো অন্যান্যসহ মোট ১০ (দশ) জন। | নওগাঁ জেলার সাপাহার উপজেলাধীন সাপাহার পাইলট উচ্চ বিদ্যালয়-এর এসএসসি (ভোকেশনাল) শাখার সহকারী শিক্ষক (বিজ্ঞান), জনাব এস.এম সামাউন ফারুক-কে এমপিওভুক্ত করার জন্য উক্ত প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক কর্তৃক ১৫/০২/২০১৬ তারিখে (Annexure-F মুলে) ডিজি, ডিটিই বরাবর আবেদন দাখিল করা হয়।<br>তৎপরবর্তীতে জনাব এস.এম সামাউন কর্তৃক এমপিওভুক্তির জন্য পুনরায় ডিজি, ডিটিই বরাবর গত ০৬/১১/২০১৯ তারিখ আবেদন দাখিল করা হয়।<br>উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় তাকে এমপিওভুক্ত করার জন্য ২ নং রেসপনডেন্ট (ডিজি, কারিগরি) -কে নির্দেশনা প্রদানের দাবীতে জনাব এস.এম সামাউন ফারুক কর্তৃক পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২৮৫৫/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ২৬/১১/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে পিটিশনার-কে বর্ণিত প্রতিষ্ঠানের এসএসসি (ভোকেশনাল) শাখায় এমপিওভুক্ত করার নিমিত্ত পিটিশনার কর্তৃক ১৫/০২/২০১৬ তারিখে (Annexure-F মুলে) দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তি করতে ২ নং রেসপনডেন্ট (ডিজি, কারিগরি) কর্তৃক বিধি মোতাবেক কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করা কেন বে-আইনী ঘোষণা করা হবে না; সে মর্মে ২২/১২/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে পিটিশনার কর্তৃক ১৫/০২/২০১৬ তারিখে (Annexure-F মুলে) দাখিলকৃত এমপিওভুক্তকরণ সংক্রান্ত আবেদনটি আদেশপ্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে ২ নং রেসপনডেন্ট (ডিজি, কারিগরি) কর্তৃক বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশনা দিয়ে এক অন্তবর্তীকালীন আদেশ দেয়া হয়েছে।

০৩। উল্লেখ্য যে, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তকরণের কার্যক্রমটি ডিজি, ডিটিই কর্তৃক সম্পন্ন করা হয়ে থাকে তাছাড়া আলোচ্য মামলায় ডিজি, ডিটিই-কেও প্রতিপক্ষ করা হয়েছে বিধায় আলোচ্য রিট মামলার অন্তবর্তীকালীন আদেশের বিষয়ে ব্যবস্থা গ্রহণপূর্বক সরকার পক্ষে জবাব দাখিলক্রমে টিএমইডি-কে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১২৮৫৫/২০১৯ মামালায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ২৬/১১/২০১৯ তারিখে প্রদত্ত অন্তবর্তীকালীন আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণক্রমে সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরিভিত্তিতে পিটিশনার কর্তৃক ১৫/০২/২০১৬ তারিখে (Annexure-F মুলে) দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তি করে সরকার পক্ষে মহামান্য হাইকোর্টে জবাব দাখিলক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যদি আগামী ২০/০২/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে (প্রমাণকসহ) অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৬/০২/২০২০
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।